

মেয়র মোহাম্মদ হানিফ এর ১৪তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে স্মরণিকা উন্মোচন



২৮ নভেম্বর ঢাকার রাজনীতির নন্দিত নায়ক অবিভক্ত ঢাকা সিটি কর্পোরেশনের প্রথম নির্বাচিত মেয়র মোহাম্মদ হানিফ এর ১৪ তম মৃত্যুবার্ষিকী ছিল, এই উপলক্ষে ২৯ নভেম্বর ২০২০-রবিবার মেয়র মোহাম্মদ হানিফ স্মৃতি সংসদের উদ্যোগে প্রকাশিত স্মরণিকার মোড়ক উন্মোচন করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

এসময় স্মরণিকা মোড়ক উন্মোচন অনুষ্ঠানে স্মৃতি সংসদ এর সভাপতি মোহাম্মদ মানিক এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পুলিশ এর সাবেক অতিরিক্ত মহাপরিদর্শক মালিক খসরু পিপিএম ও স্মৃতি সংসদ এর সাধারণ সম্পাদক এ কাইয়ুম।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন স্মৃতি সংসদ এর দপ্তর সম্পাদক ও স্মরণিকা এর সম্পাদক মোঃ ইমাম হোসাইন।